সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে
অবহিতকরণ ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ৩০.১২.২০২৪ |
| সময় | : বেলা ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান/রকম | : সভাপতি মহোদয়েরে কক্ষ, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী/Zoom Platform এর মাধ্যমে, যার আইডি নম্বর-613 873 6969 |
| সভাপতিত্ব করেন | : জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী। |
| সভায় উপস্থিতি | : Zoom Platform এর মাধ্যমে যোগদানকৃত উপস্থিতির স্ক্রিণসর্ট সংযুক্ত। |

২০২৪-২৫ অর্থ বছরের "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" এর ২.১ বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে Zoom Platform এর মাধ্যমে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ/অবহিতকরণ ত্রৈমাসিক সভায় সভাপতিত্ব করেন বিএমডিএ, প্রধান কার্যালয়ের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) জনাব মোঃ শামসুল হোদা। সভাপতি মহোদয় সভায় Zoom Platform এর মাধ্যমে যোগদানকৃত উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন।

সভাপতি বলেন সরকার জনগণের দোর-গোড়ায় সেবা দ্রুত পৌঁছে দেয়ার জন্য বিভিন্ন ধরণের পদক্ষেপ গ্রহণ করেছেন। তদ্রুপ নাগরিকগণকে দ্রুত ও অতি সহজে সেবা পৌঁছে দেয়ার জন্য বিএমডিএ'র বিভিন্ন কার্যক্রম সেবা প্রত্যাশীদের অবহিত করার নিমিত্তে সভাপতি সিটিজেন চার্টারের ওপর অত্যন্ত গুরুত্বারোপ করেন। তিনি প্রতিটি দপ্তরে সিটিজেন চার্টার হালনাগাদ পূর্বক দৃশ্যমান স্থানে টাংগানোর জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। সেবা প্রত্যাশিগণ বা উপকারভোগীগণ সেবা পাওয়ার ক্ষেত্রে যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে তিনি সকল নির্বাহী প্রকৌশলী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে সেবা প্রদানে আরোও যত্নবান হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কর্তৃপক্ষের পরিকল্পনা শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ফোকাল পার্সন (সিটেজেন চার্টার) জনাব ড. মোঃ ইকবাল হোসেন। সভাপতি জনাব ড. মোঃ ইকবাল হোসেন তাঁর কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর সেবা প্রদান বিষয়ে বিএমডিএ'র আওতাধীন দপ্তরসমূহের (রিজিয়ন দপ্তর) সমন্বয়ে Zoom Platform সভায় বর্তমান কার্যক্রমের উপর সেবা প্রদান প্রতিশ্রুতির উপর সমস্যাসহ বিভিন্ন বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ জানান।

জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, প্রধান কার্যালয় উপস্থিত সকল কর্মকর্তাগণকে ২০২৪-২৫ সনের এপিএ চুক্তি মোতাবেক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে জোর তাগিদ প্রদান করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ১.২ বিষয়ে আওতাধীন দপ্তর প্রধানগণের সমন্বয়ে সভা করার উপরে গুরুত্ব আরোপ করেন। তিনি প্রতিটি রিজিয়ন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে সেবা প্রদানে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েব সাইটে/ওয়েব পোর্টালে আপলোড ও উপকারভোগীদের সুবিধার্থে স্ব স্ব দপ্তরের দৃশ্যমান স্থানে টাংগানোর জন্য অনুরোধ করেন।

এছাড়াও সেবা প্রত্যাশীদের সেবা প্রদান সংক্রান্ত সিটিজেন চার্টারের প্রতিটি বিষয় সহজে উপস্থাপনের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন দপ্তরের প্রতিটি কর্মকর্তা/কর্মচারীদের মাঝে কাজের দায়িত্ব ভাগ করে দিলে সেবা প্রত্যাশিরা সহজেই সেবা পাবেন। উল্লেখ্য যে, কোন কর্মকর্তা/কর্মচারী বদলী হলে বা অর্জিত ছুটিতে থাকলে তাৎক্ষনিক সিটিজেন চার্টার হালনাগাদ করে স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হয়। সভায় মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণের মতামত গ্রহণ করা হয়। মতামত অনুযায়ী সকলকে কাজের জন্য উৎসাহ প্রদান করা হয়।

এছাড়া তিনি আরও জানান যে, সেবা সহজীকরণের নিমিত্তে সরকার এপিএ চুক্তি বাস্তবায়নের জন্য এপিএএমএস নামক একটি সফট ওয়্যার চালু করেছেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষও এই সফটওয়্যারের অর্ন্তভুক্ত। এজন্য তিনি প্রতিটি রিজিয়ন দপ্তর প্রধানগণকে এপিএ চুক্তি এপিএএমএস সফট ওয়্যারে আপলোডপূর্বক কার্যক্রম পরিচালনার জন্য সহযোগীতা প্রদানের নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনা-পর্যালোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. প্রতি প্রান্তিকে কমিটি পুন:গঠন করতে হবে। কমিটিতে পর্যায়ক্রমে সকল কর্মকর্তা/কর্মচারীকে সংযুক্ত করতে হবে। যাতে করে সকলকেই সিটিজেন চার্টার বাস্তবায়ন পদ্ধতি অনুসারে কাজ করতে পারে এবং সেই আগ্রহ তৈরী হয়;

২. সকল দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েব সাইটে/ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে;

৩. দপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারী বদলী হলে বা অর্জিত ছুটিতে থাকলে কমিটি পরিবর্তন বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব পরিবর্তনসহ সিটিজেন চার্টার হালনাগাদ করে স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে;

৪. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল সূচক নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে;

৫. অভিযোগ নিস্পত্তির ক্ষেত্রে অতিব গরুত্ব সহকারে এবং দ্রুত সময়ের মধ্যে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট দপ্তরের যিনি উপকারভোগীকে মোটিভেট করার সক্ষমতা আছে তাকে অভিযোগ নিস্পত্তির দায়িত্ব প্রদান করা যেতে পারে। তিনি নিষ্পত্তিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী দায়িত্ব পালন করবেন। তিনি নিষ্পত্তিতে ব্যর্থ হলে প্রধান কার্যালয়ের নিয়োজিত ফোকাল পার্সন ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ সমশের আলী এর সহযোগীতা নিতে পারবেন;

৬. মাঠ পর্যায়ের দপ্তর সমূহে (জোনাল দপ্তরের) সিটিজেন চার্টার বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মাচারীদের সাথে সভা করতে হবে। যা ত্রৈমাসিক ভিত্তিতে হতে হবে;

৭. রিজিয়ন দপ্তরের আওতায় গঠিত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম জোরদার করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি করেন।

(মোঃ শামসুল হোদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(চলতি দায়িত্ব)
বিএমডিএ, রাজশাহী।